

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : বিভাগীয় সরকারি গণপ্রস্থাগার, সিলেট এর 'সেমিনার কক্ষ' ব্যবহারের নীতিমালা।

গণপ্রস্থাগার মানব সম্পদ উন্নয়নে শিক্ষা ও জনসেবামূলক কার্যক্রম পরিচালনাসহ উৎসাহ প্রদান করে থাকে। এ জন্যে গ্রন্থাগারের লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সংগতি বজায় রেখে বিভাগীয় সরকারি গণপ্রস্থাগার, সিলেট এর "সেমিনার কক্ষ" ব্যবহার নিম্নলিখিত ক্ষেত্রসমূহের মধ্যে সীমাবদ্ধ থাকবে:

- ক) শিখন, পুস্তক প্রকাশনা, পুস্তক প্রদর্শনী, গ্রন্থ কিংবা গ্রন্থাগার সম্পর্কিত উন্নয়নমূলক অনুষ্ঠানাদি;
- খ) বিশিষ্ট ব্যক্তিবর্গের স্মরণে আয়োজিত অনুষ্ঠান;
- গ) আবৃত্তি, হাতের লেখা প্রতিযোগিতা, সাহিত্য সমালোচনা, চিরাংকন প্রদর্শনী ও প্রতিযোগিতা, পুস্তক পাঠ প্রতিযোগিতা ইত্যাদি আয়োজন;
- ঘ) ছোট আকারের শিক্ষা সংশ্লিষ্ট সেমিনার, সিস্পোজিয়াম, ওয়ার্কশপ, বিশেষ স্মরণীয় বা তৎপর্যপূর্ণ দিবস উপলক্ষ্যে আলোচনা অনুষ্ঠান আয়োজন;
- ঙ) সরকারি যে কোন অনুষ্ঠান আয়োজন।

অর্তাদি :

১. গ্রন্থাগারের পার্টি পরিবেশ ব্যক্তিমূলক ব্যবহার ক্ষেত্রে সংক্ষিপ্ত সীমিত কার্যকারী ব্যবস্থার করা যাবে;
২. এভই প্রতিষ্ঠানকে এক মাস ৫(পাঁচ) দিনের বেশি ভাড়া দেয়া যাবে না;
৩. ০৩ মাস পূর্বের কোন বুর্জিং গ্রহণ করা যাবে না;
৪. সেমিনার কক্ষের বিদ্যমান সুযোগ-সুবিধা ব্যতিত অতিরিক্ত কোন সুবিধা দাবী করা যাবে না;
৫. সরকারি যে কোন অনুষ্ঠান অঞ্চলিক ভিত্তিতে বিবেচনা করতে হবে। এতে কোন ধরণের আপত্তি বিবেচিত হবে না;
৬. কোন রাজনৈতিক বা সাম্প্রদায়িক বিতর্কমূলক অনুষ্ঠানাদির জন্য বরাদ্দ দেওয়া হবে না;
৭. কোন বকম চলচ্চিত্র প্রদর্শন, নাটক বা কোন প্রকার সংগীত (জাতীয় সংগীত ব্যতিত) বা তৎসংশ্লিষ্ট সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য সেমিনার কক্ষ ব্যবহার করা যাবে না;
৮. সেমিনার কক্ষটি কোন বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না;
৯. সেমিনার কক্ষের সার্ভিস চার্জ নিম্নরূপ :

(ক) গূর্ধ দিবসের জন্য (সকাল ১০.০০টা হতে রাত ৮.০০টা পর্যন্ত)	১৫০০/-
(খ) অর্ধ দিবসের জন্য (সকাল ৯.০০ টা হতে দুপুর ২.০০ টা অথবা বিকাল ৩.০০ টা হতে রাত ৮.০০ টা পর্যন্ত)	১০০০/-
(গ) এছাড়া সরকারি নিয়মানুযায়ী ভাড়ার ১৫% ভ্যাট পৃথক রশিদের মাধ্যমে পরিশোধ করতে হবে (সরকারের ধোকান অনুমানী পরিবর্তনযোগ্য) :			

অপর পাতায় দ্রষ্টব্য।